

গাফির (আল মু'মিন) | Ghafir (Al-Mu'min) | غَافِرُ(الْمُؤْمِنِ)

আয়াতঃ ৪০ : ৭২

আরবি মূল আয়াত:

فِي الْحَمِيمِ ثُمَّ فِي النَّارِ يُسْجَرُونَ ﴿٧٢﴾

অনুবাদসমূহ:

ফুটন্ত পানিতে, অতঃপর তাদেরকে আগুনে পোড়ানো হবে। — আল-বায়ান

ফুটন্ত পানিতে, অতঃপর তাদেরকে আগুনে দগ্ধ করা হবে। — তাইসিরুল

ফুটন্ত পানিতে। অতঃপর তাদেরকে দগ্ধ করা হবে আগুনে। — মুজিবুর রহমান

In boiling water; then in the Fire they will be filled [with flame]. — Sahih International

৭২. ফুটন্ত পানিতে, তারপর তাদেরকে পোড়ানো হবে আগুনে।(১)

(১) এ আয়াত থেকে জানা যায় যে, জাহান্নামীদেরকে প্রথমে حميم অর্থাৎ ফুটন্ত পানিতে ও পরে جحيم অর্থাৎ জাহান্নামে নিক্ষেপ করা হবে। এ থেকে আরও জানা যায় যে, حميم জাহান্নামের বাইরের কোন স্থান, যার ফুটন্ত পানি পান করানোর জন্যে জাহান্নামীদেরকে সেখানে নিয়ে যাওয়া হবে। অর্থাৎ তারা যখন তীব্র পিপাসায় বাধ্য এমন জায়গায় নিয়ে যাবে, যা থেকে টগবগে গরম পানি বেরিয়ে আসছে। অতঃপর তাদের সে পানি পান করা শেষ হলে আবার তারা তাদেরকে টেনে হেঁচড়ে ফিরিয়ে নিয়ে যাবে এবং জাহান্নামের আগুনে নিক্ষেপ করবে। সূরা আস-সাফফাতের ৬৭-৬৮ নং আয়াত থেকেও তাই জানা যায়। কোন কোন আয়াত থেকে জানা যায় যে, حميم ও جحيم একই স্থান এবং حميم এর মধ্যেই حميم অবস্থিত। আয়াতটি এইঃ هَذِهِ جَهَنَّمُ الَّتِي يُكَذِّبُ بِهَا الْمُجْرِمُونَ ﴿٨٤﴾ ﴿٨٥﴾ يَطُوفُونَ بَيْنَهَا وَبَيْنَ حَمِيمٍ آتٍ [সূরা আর রহমানঃ ৪৩-৪৪]

তাফসীরে জাকারিয়া

(৭২) ফুটন্ত পানিতে, অতঃপর তাদেরকে অগ্নিতে দগ্ধ করা হবে;[১]

[১] মুফাসসির মুজাহিদ এবং মুকাতিলের উক্তি হল, তাদের মাধ্যমে জাহান্নামের আগুনকে প্রজ্বালিত করা হবে। অর্থাৎ, তারা তার ইন্ধন হবে।

তাফসীরে আহসানুল বায়ান

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন